বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড
BANGLADESH RURAL ELECTRIFICATION BOARD
ISO 9001, ISO 14001 &
ISO 45001 Certified

জনসংযোগ পরিদপ্তর
বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড
প্রশিক্ষণ একাডেমি ভবন (৩য় তলা)
নিকুঞ্জ-২, খিলক্ষেত, ঢাকা-১২২৯
টেলিফোন: ০২-৮৯০০৩১৭
ই-মেইল: prdreb@gmail.com

স্মারক নং-২৭.১২.০০০০.০২১.১৮.১১৭.২২.২২৭২

তারিখঃ ১৫ আষাঢ় ১৪২৯ বঙ্গাব্দ।
২৯ জুন ২০২২ খ্রিষ্টাব্দ।

বরাবর
সম্পাদক
সকল দৈনিক পত্রিকা।

প্রিয় মহোদয়,

জনস্বার্থে নিম্নের প্রেস বিজ্ঞপ্তিটি হুবহু শিরোনামে আপনার বহুল প্রচারিত পত্রিকায় প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য বিশেষভাবে অনুরোধ জানাচ্ছি।

প্রেস বিজ্ঞপ্তি

'আরইবি ও সিরাজগঞ্জ ইকোনমিক জোন এর মধ্যে সমঝোতা স্মারক স্বাক্ষর'

২০৩০ সালের মধ্যে SDG (Sustainable Development Goals) এর আওতায় ১ কোটি লোকের কর্মসংস্থান সৃষ্টির লক্ষ্যে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা এর নির্দেশনা অনুযায়ী বাংলাদেশ অর্থনৈতিক জোন কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত ১০০টি ইকোনমিক জোনের মধ্যে বেসরকারি অর্থনৈতিক জোন হিসেবে অনুমোদনপ্রাপ্ত 'সিরাজগঞ্জ ইকোনমিক জোন লি. (এসইজেডএল)' এর সাথে ২৮/০৬/২০২২ খ্রি. তারিখে 'বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড (বাপবিবো)' এর মধ্যে বাপবিবো'র সদর দপ্তর খিলক্ষেত, ঢাকায় একটি সমঝোতা স্মারক (Memorandum of Understanding-MoU) স্বাক্ষরিত হয়। সমঝোতা স্মারকটিতে বাপবিবো'র পক্ষে সচিব জনাব মোঃ শামীম আহসান এবং এসইজেডএল এর পক্ষে প্রধান নির্বাহী কর্মকর্তা জনাব এমকেএ শাহীনুর রহমান স্বাক্ষর করেন। বাপবিবো'র সদস্য (পরিকল্পনা ও উন্নয়ন) জনাব মোঃ আমজাদ হোসেন এর সভাপতিত্বে উক্ত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে বাপবিবো'র মাননীয় চেয়ারম্যান জনাব মোহাং সেলিম উদ্দিন, বিশেষ অতিথি হিসেবে এসইজেডএল এর চেয়ারম্যান জনাব এ মতিন চৌধুরী এবং বাপবিবো ও এসইজেডএল এর উর্ধ্বতন কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন।

এসইজেডএল এর পক্ষে পরিচালক শেখ মনোয়ার হোসেন জানান যে, যমুনা নদীর পাড়ে এবং বঙ্গবন্ধু সেতুর পশ্চিম পার্শ্বে সায়দাবাদ এলাকায় অবস্থিত এসইজেডএল মোট ১০৩৫.৯৩ একর জমিতে টেক্সটাইল ও বুননশিল্প, খাদ্য প্রক্রিয়াকরণ, ওষুধশিল্প, ইস্পাত শিল্প, জাহাজ শিল্পসহ অন্যান্য শিল্প কারখানা স্থাপনের লক্ষ্যে গঠিত হয়েছে যেখানে ৫ লক্ষ লোকের কর্মসংস্থান হবে। তিনি নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহে বাপবিবো'র সর্বাত্মক সহযোগিতা কামনা করেন। তিনি আরও জানান যে, সিরাজগঞ্জ ইকোনমিক জোনে ২০২৫ সালে ২৫ মেগাওয়াট, ২০৩০ সালে ১০০ মেগাওয়াট এবং ২০৪৫ সালে ২০০ মেগাওয়াট লোডের প্রয়োজন হবে।

বাপবিবো'র পক্ষে চেয়ারম্যান জনাব মোহাং সেলিম উদ্দিন বলেন যে, মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা এর অগ্রাধিকারভুক্ত সিরাজগঞ্জ ইকোনমিক জোনে বিদ্যুৎ সরবরাহের সুযোগ পাওয়ায় বাপবিবো আনন্দিত এবং গর্বিত। সিরাজগঞ্জ ইকোনমিক জোনে নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহপূর্বক সরকারের লক্ষ্য বাস্তবায়নে বাপবিবো উন্নয়ন সহযোগী হিসেবে কাজ করবে। তিনি বাপবিবো ও সিরাজগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি-২ এর সংশ্লিষ্ট কর্মকর্তাদের সিরাজগঞ্জ ইকোনমিক জোনে বিদ্যুৎ সেবা প্রদানে সর্বোচ্চ গুরুত্বারোপের জন্য নির্দেশনা প্রদান করেন।

অনুষ্ঠানের সভাপতি বাপবিবো'র সদস্য (পরিকল্পনা ও উন্নয়ন) জনাব মোঃ আমজাদ হোসেন জানান যে, বাপবিবো'র পক্ষে সিরাজগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি-২ সিরাজগঞ্জ ইকোনমিক জোনে বিভিন্ন ভোল্টেজ লেভেলে বিদ্যুৎ সরবরাহ করবে। ইতোমধ্যে সিরাজগঞ্জ ইকোনমিক জোনে নির্মাণকাজের জন্য পার্শ্ববর্তী সিরাজগঞ্জ ও শাহজাদপুর গ্রিড হতে বিদ্যুৎ সরবরাহ করা হচ্ছে। এছাড়াও, নির্মাণাধীন অপর আরেকটি গ্রিড উপকেন্দ্র হতেও বিকল্প সোর্স লাইন নির্মাণ করা হচ্ছে। বাপবিবো'র বিদ্যমান অবকাঠামোর মাধ্যমে সিরাজগঞ্জ ইকোনমিক জোনে ১০০ মেগাওয়াট লোড সরবরাহ করা সম্ভব হবে। ভবিষ্যতে নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহের জন্য সিরাজগঞ্জ ইকোনমিক জোনে ০৪টি ৩৩/১১ কেভি উপকেন্দ্র এবং ০১টি ২৩০/৩৩ কেভি গ্রিড উপকেন্দ্র নির্মাণের জায়গার সংস্থান রয়েছে।

সংযুক্তি: ক্যাপশনসহ ছবি ০১ কপি।

29/6/2022

(মোঃ আনোয়ার হোসেন)
পরিচালক
মোবাইল: ০১৭১২৫৮১৯৮৬

অ.পৃ.দ্র.

সদয় জ্ঞাতার্থে অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

০১ মাননীয় প্রধানমন্ত্রীর বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ বিষয়ক উপদেষ্টার একান্ত সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা।
০২। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়, ঢাকা।
০৩। মাননীয় প্রধানমন্ত্রীর মুখ্য সচিব মহোদয়ের একান্ত সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা।
০৪। নির্বাহী চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, বাংলাদেশ অর্থনৈতিক অঞ্চল কর্তৃপক্ষ, ঢাকা।
০৫। সচিব মহোদয়ের একান্ত সচিব, বিদ্যুৎ বিভাগ, বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়, ঢাকা।
০৬। চেয়ারম্যান, সিরাজগঞ্জ ইকোনমিক জোন লি. (এসইজেডএল), ঢাকা।
০৭। পরিচালক, সিরাজগঞ্জ ইকোনমিক জোন লি. (এসইজেডএল), ঢাকা।
০৮। সকল দপ্তর/পরিদপ্তর/প্রকল্প অফিস/অফিস প্রধান, বাপবিবো।
০৯। সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি পরিদপ্তর, বাপবিবো, ঢাকা **(প্রেস বিজ্ঞপ্তিটি বাপবিবো'র ওয়েবসাইট ও সোশ্যাল মিডিয়ায় ব্যাপক প্রচারের অনুরোধসহ)।**
১০। সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার, সকল পবিস **(প্রেস বিজ্ঞপ্তিটি পবিস এর ওয়েবসাইট ও সোশ্যাল মিডিয়ায় ব্যাপক প্রচারের অনুরোধসহ)।**
১১। একান্ত সচিব, চেয়ারম্যান, বাপবিবো, ঢাকা।
১২। একান্ত সচিব, সদস্য (প্রশাসন/অর্থ/পরিকল্পনা ও উন্নয়ন/সমিতি ব্যবস্থাপনা/বিতরণ ও পরিচালন) বাপবিবো, ঢাকা।